# গাজী নজরুলের বিষয়ে কমিশন আইন অনুযায়ী ব্যবস্থা নেবে: ইসি সচিব




ইসি সচিব আখতার। ছবি: সংগৃহীত

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে জামায়াতে ইসলামী থেকে বহিষ্কারের বিষয়ে নির্বাচন কমিশনের কাছে এখনো কোনো আনুষ্ঠানিক চিঠি বা নোটিশ আসেনি। বিষয়টি ইসির কাছে এলে বিদ্যমান আইন ও বিধি অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছেন ইসি সচিব আখতার আহমেদ।

বুধবার (২২ জুলাই) বিকেলে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান।

এদিকে, দলীয় সিদ্ধান্ত অনুযায়ী গাজী নজরুল ইসলামকে সংগঠন থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নিয়েছে জামায়াতে ইসলামী। বুধবার রাজধানীর মিন্টো রোডে বিরোধীদলীয় নেতার সরকারি বাসভবনে দলটির কেন্দ্রীয় নির্বাহী পরিষদের জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

জামায়াতের পক্ষ থেকে জানানো হয়েছে, গাজী নজরুল ইসলামকে ঘিরে সাম্প্রতিক বিভিন্ন ঘটনায় সাংগঠনিকভাবে তদন্ত করা হয়। তদন্তে তার নৈতিক স্খলনের বিষয়টি প্রমাণিত হওয়ায় দলটির গঠনতন্ত্রের ৬২ নম্বর ধারা অনুযায়ী তাকে বহিষ্কার করা হয়েছে।

একই সঙ্গে বহিষ্কারের সিদ্ধান্ত নির্বাচন কমিশনকে অবহিত করার কথাও জানিয়েছে দলটি।

এর আগে, গাজী নজরুল ইসলামকে ঘিরে একটি ব্যক্তিগত ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়। ভিডিওটি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা ধরনের প্রতিক্রিয়া দেখা যায়।

LENS ASIA